

স্মারক: মিডল্ স্কুল অফারসমূহ এবং ওয়েটলিস্ট সম্পর্কে একটি ভার্চুয়াল অনুষ্ঠানে অংশগ্রহণ করুন!

প্রিয় পরিবারবর্গ,

স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমরা অফার ও অপেক্ষা-তালিকা সম্পর্কে একটি সরাসরি ভার্চুয়াল অনুষ্ঠান আয়োজন করছি 4, 9, এবং 11 এপ্রিল।

এটি শুধুই আমাদের মিডল্ স্কুল অফার এবং অপেক্ষা-তালিকা নিয়ে একটি সরাসরি ভার্চুয়াল অনুষ্ঠান। উপস্থাপনার পর, আমরা আপনাদের প্রশ্নাবলীর জবাব দিব। প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে, এর ফলে আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন!

প্রতিটি অনলাইন অনুষ্ঠান চলাকালে, আমরা আলোচনা করবো:

- আপনার সন্তানের মিডল্ স্কুল অফার কীভাবে জানা যাবে
- অপেক্ষা-তালিকা সম্পর্কে জানা:
 - অপেক্ষা-তালিকায় যোগদান করা
 - অপেক্ষা-তালিকা থেকে অফার কীভাবে দেওয়া হয়
 - আপনি একটি অপেক্ষা-তালিকার অফার পেলে যা করতে হবে

কীভাবে অংশগ্রহণ করতে হবে:

- প্রতিটি অনুষ্ঠান জুম (Zoom)-এ সরাসরি (লাইভ) অনুষ্ঠিত হবে। যোগদানের জন্য অনুষ্ঠান শুরুর সময় শুধু <https://bit.ly/MSSpringEvents2024> লিংক-এ ক্লিক করবেন এবং #123456 পাসকোড দিবেন।
- প্রতিটি অনুষ্ঠানের বিষয়বস্তু একই, কিন্তু **ভিন্ন ভিন্ন অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন দোভাষী পরিষেবা দেয়া হবে**, যা নিম্নোক্ত:
 - **বৃহস্পতিবার, 4 এপ্রিল**, 5pm থেকে 6pm অনুষ্ঠান হবে ইংরেজি এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এ। দোভাষীর ব্যবস্থা থাকবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ
 - **মঙ্গলবার, 9 এপ্রিল**, 5pm থেকে 6pm | অনুষ্ঠান হবে ইংরেজি এবং ASL-এ। দোভাষীর ব্যবস্থা থাকবে: চাইনিজ (ম্যান্ডারিন), হেশিয়ান ক্রিওল, উর্দু ভাষায়

- **বৃহস্পতিবার, 11 এপ্রিল, 1pm থেকে 2pm** | অনুষ্ঠান হবে ইংরেজি এবং ASL-এ। দোভাষীর ব্যবস্থা থাকবে: আরবি, ফ্রেঞ্চ, রাশিয়ান ভাষায়
- **দোভাষী পরিষেবাসমূহ:** যে ভাষাগুলোতে পরিষেবা থাকবে, সেগুলোর ফোন নম্বর পাওয়া যাবে schools.nyc.gov/MS ওয়েবপেজ-এ।

অংশগ্রহণ করতে পারবেন না, অথবা আরো জানতে চান?

- schools.nyc.gov/MS দেখুন। প্রথম অধিবেশনের এক দিন পর আমাদের ওয়েবসাইটে অনুবাদ সহ ক্যাপশন (লেখা) দেয়া একটি রেকর্ডিং লভ্য হবে।

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশনস্ টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp-এ, আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। মিডল্ স্কুলে অ্যাডমিশনস বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।